**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-04-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) সিপাহীজলা জেলার জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত নিউইয়র্কে রাষ্ট্র সঙ্ঘের 'কমিশন অন পপুলেশন ডেভলপমেন্ট'-এর সভায় আলোচনার জন্য অংশ নিচ্ছেন ।**

**(২) রাজ্যে তীব্র তাপপ্রবাহ চলতে থাকায় স্কুলের ছুটি আরও তিনদিন বাড়ানো হয়েছে।**

**(৩) লোকসভা নির্বাচনের পরবর্তী দফায় ভোটারদের আকৃষ্ট করতে বিভিন্ন রাজনৈতিক দল প্রচার চালিয়ে যাচ্ছে।**

**(৪) টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় স্ফুলিঙ্গ ক্লাব ও সংহতি ক্লাব সেমিফাইনালে উঠেছে।**

*******************************************

**Supriya Das Datta Z P SHIPAHIJALA:**

সিপাহীজলা জেলার জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত সারা দেশের জন্য গর্বের প্রতীক হয়ে উঠলেন । তিনি নিউইয়র্কে রাষ্ট্র সঙ্ঘের প্রধান কার্যালয়ে ৫৭ তম অধিবেশনের অঙ্গ হিসাবে 'কমিশন অন পপুলেশন ডেভলপমেন্ট'-এর সভায় আলোচনার জন্য আমন্ত্রিত হয়েছেন । আগামীকাল থেকে আগামী ৩রা মে পর্যন্ত চলবে এই সভা। সেই সভায় যোগ দিতে সুপ্রিয়া দাস দত্ত আজ নিউইয়র্কের উদ্দ্যেশ্যে রওয়ানা হয়েছেন। শ্রীমতী সুপ্রিয়া দাস দত্তের সঙ্গে রাষ্ট্র সঙ্ঘের এই সভায় যোগ দেবেন রাজস্থান ও অন্ধ্রপ্রদেশের দুজন নির্বাচিত মহিলা জন প্রতিনিধিও। নিউ ইয়র্কের উদ্দ্যেশে দিল্লি রওয়ানা হওয়ার আগে আকাশবাণীর সঙ্গে এক সাক্ষাতকারে শ্রীমতী দাস দত্ত জানান, এটা অত্যন্ত গর্বের বিষয় যে উত্তর

পূর্বাঞ্চল থেকে একমাত্র তিনিই নির্বাচিত মহিলা প্রতিনিধি। মহিলাদের রাজনৈতিক, আর্থিক ও সামাজিক ক্ষমতায়নের বিষয়ে তিনি সভায় আলোচনা করবেন। তিনি জানান মহিলাদের আত্মনির্ভর করে তোলা না গেলে সমাজের সামগ্রিক বিকাশ সম্ভব নয় । তিনি মহিলাদের শিক্ষা সম্প্রসারণে বিশেষ গুরুত্ব আরোপ করেন।

তিনি বলেন.........

####byte####

রাষ্ট্রসংঘের জনসংখ্যা উন্নয়ন কমিশনের অধিবেশনে শ্রীমতি দাস দত্তের যোগ দেওয়ার কথা জানিয়ে রাজ্য পঞ্চায়েত দপ্তরের অতিরিক্ত অধিকর্তা প্রসূন দে বলেন, নারীদের প্রতি প্রশাসন ও সমাজের দৃষ্টিভঙ্গিতে মৌলিক পরিবর্তন আনার জন্যে তিনি প্রয়াস নিয়েছেন। মহিলাদের জন্য বিভিন্ন ফোরাম তৈরি করার ক্ষেত্রেও তিনি বড় রকমের উদ্যোগী ভূমিকা পালন করছেন ।উল্লেখ্য কেন্দ্রীয় পঞ্চায়েত রাজ মন্ত্রকের উদ্যোগে এই মহিলা জন প্রতিনিধিরা রাষ্ট্র সঙ্ঘের সভায় যোগ দিচ্ছেন ।

****************

**Schools Closed:**

রাজ্যে তীব্র তাপপ্রবাহ চলতে থাকায় স্কুলের ছুটি আরও তিনদিন বাড়ানো হয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে আগামীকাল ২৯ এপ্রিল থেকে আগামী ১লা মে পর্যন্ত রাজ্যের সরকারী, সরকার অধিগৃহিত, জেলা পরিষদ এবং বেসরকারী স্কুলগুলোতে ছুটি থাকবে।

****************

**NHM Press Meet :**

স্বাস্থ্য ব্যবস্থার পরিকাঠামোকে উন্নত করার জন্য আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন এর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আজ আগরতলায় জাতীয় স্বাস্থ্য মিশনের যুগ্ম অধিকর্তা বিনয় ভূষণ দাস সাংবাদিক সম্মেলনে বলেন,

আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন প্রকল্প দেশের সমন্বিত ডিজিটাল স্বাস্থ্য পরিকাঠামোকে শক্তিশালী করতে প্রয়োজনীয় ব্যবস্থা গড়ে তোলার অভিনব পদক্ষেপ। এটি আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন ইকো সিস্টেমের মাধ্যমে বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী এবং স্বাস্থ্য প্রতিষ্ঠান এর সাথে যোগাযোগ স্থাপন করার ব্যবস্থাপনা প্রদান করে। তিনি আরও বলেন, এই প্রকল্পের সুবিধা জনগণের কাছে পৌঁছে দিতে আজ আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন রাজ্য শাখার ব্যবস্থাপনায় পশ্চিম ত্রিপুরা জেলার বিভিন্ন ডাক্তার নার্স এবং বিভিন্ন ল্যাবরেটরি, নার্সিং হোম ফার্মেসি ইত্যাদির প্রতিনিধিদের সাথে একটি বিশেষ রেজিস্ট্রেশন কর্মসূচী নেওয়া হয়েছে। এই রেজিস্ট্রেশন এর ফলে বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান এবং বিভিন্ন হেলথ প্রফেশনালরা আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের প্লাটফর্মের মাধ্যমে রাজ্যের নাগরিকদের ডিজিটালি পরিষেবা প্রদান করতে আভা অ্যাপের মাধ্যমে সংযুক্ত হবে। শ্রী দাস জানান, এই আভা নম্বরের মাধ্যমে যে কেউ নিজের ল্যাব রিপোর্ট অথবা প্রেসক্রিপশন ইত্যাদি আভা অ্যাপের মাধ্যমে পেতে পারেন।

****************

**Post-Poll Situation -Unakoti:**

সদ্য সমাপ্ত লোকসভা নির্বাচনোত্তর পরিস্থিতিতে সর্বত্র শান্তি ও সুস্থিতি বজায় রাখতে ঊনকোটি জেলাতে উদ্যোগ নিয়েছে প্রশাসন।

ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা আজ এক একান্ত সাক্ষাৎকারে জানান, বর্হিরাজ্য থেকে নির্বাচন উপলক্ষ্যে আগত কেন্দ্রীয় সশস্ত্র নিরাপত্তা বাহিনী এখনো জেলাতে অবস্থান করছে।নিরাপত্তা বাহিনীর টহলদারি যথারীতি রয়েছে।

শ্রীচাকমা জানান,সদ্যসমাপ্ত নির্বাচনে ঊনকোটি জেলার জনরায়বন্দী E V.M গুলি এখন কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনের স্ট্রংরুমে মজুত রয়েছে। স্ট্রংরুমে রয়েছে ক্লোজ সার্কিট টি,ভি ও ত্রি-স্তরীয় নিরাপত্তা বলয়। স্ট্রংরুমে আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে দিবা-রাত্রির জন্য অগ্নিনির্বাপক ও জরুরি পরিসেবার গাড়ি ও কর্মী নিয়োজিত রয়েছেন বলে তিনি জানান।

****************

**Press club annual conference:**

আগরতলা প্রেসক্লাবের বার্ষিক সাধারন সভা আজ অনুষ্ঠিত হয়। সভায় প্রথমে সম্পাদকীয় প্রতিবেদন এবং আয় ব্যায়ের হিসেব পেশ করেন সম্পাদক রমাকান্ত দেব। প্রতিবেদনের উপর আলোচনা করেন প্রবীণ সাংবাদিক স্রোত রঞ্জন খিসা, শেখর দত্ত, সঞ্জীব দেব, সমীর পাল, চিত্রা রায় প্রমুখ। সভায় আগামীদিনে প্রেসক্লাবের কর্মসূচী নিয়েও আলোচনা হয়। সমাপ্তি ভাষণ দেন আগরতলা প্রেসক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য।

****************

**Sushanta Deb Tree Plantation:**

ভারতীয় জনতা যুব মোর্চা ত্রিপুরা প্রদেশ কমিটির উদ্যোগে সারা রাজ্য ব্যাপী প্রতিটি মন্ডলে, প্রতিটি বুথে বৃক্ষরোপনের মেগা কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। পরিবেশের ভারসাম্য বজায় রাখার জন্যে এই পদক্ষেপ বলে জানিয়েছেন প্রদেশ যুব মোর্চার সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব। তিনি গাছ লাগানোর পাশাপাশি তা রক্ষনাবেক্ষন এবং পরিচর্যা করার জন্য সবার প্রতি আহ্বান জানান। আগামী ৭ দিন এই কর্মসূচী চলবে বলে জানিয়েছেন শ্রী দেব।

****************

**Congress Meeting:**

লোকসভার দুটি আসনের ভোটগ্রহন পর্ব সম্পন্ন হবার পর আদিবাসী কংগ্রেসের উদ্যোগে আজ প্রদেশ কংগ্রেস ভবনে এক সভার আয়োজন করা হয়। সভায় আগামীদিনে সংগঠনের কাজকর্ম নিয়ে বিভিন্ন পরিকল্পনা গ্রহন করা হয়। সভায় নির্বাচনোত্তর পরিস্থিতি নিয়ে আলোচনা হয় বলে জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা। সভায় কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন সহ আদিবাসী কংগ্রেসের বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

****************

**Insects in Tea-Estates attacks:**

কৈলাশহরের কয়েকটি চা-বাগানে চা-গাছে বিক্ষিপ্তভাবে পোকামাকড়ের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। কৈলাশহরের মনুভ্যালি, গোলকপুর, কালীশাসন জগন্নাথপুর প্রভৃতি চা-বাগানে পোকামাকড়-এর কারণে সমস্যা দেখা দিয়েছে।

পোকামাকড়ের মধ্যে রয়েছে, লুপার পোকা, রেড স্পাইডার, গ্রীন ফ্লাই ইত্যাদি।পোকাগুলি চায়ের সবুজ পাতার রস শুষে নিচ্ছে। ফলে চা-গাছের পাতা তাম্রবর্ণ, অনেকক্ষেত্রে লালবর্ণ হয়ে যাচ্ছে। অনেক সবুজ পাতা শুষ্ক ও বিবর্ণ হয়ে পড়ছে।

পোকা দমনে প্রয়োজনীয় ঔষধপত্র চা-গাছে দেওয়া হচ্ছে বলে মনুভ্যালী চা-বাগানের ম্যানেজার প্রবীর দে জানিয়েছেন।

****************

**Drowned at Rani pukur :**

আগরতলার খেজুরবাগানে রানীরপুকুরে আজ বিকালে স্নান করতে গিয়ে এক ব্যক্তি জলে ডুবে গেছে বলে দমকল দপ্তর জানিয়েছে। এই যুবকের খোঁজে তল্লাশি চালায় দমকলের কর্মীরা। স্থানীয় যুবক পরিতোষ দেবনাথ জানান, স্নান করতে গিয়ে ওই ব্যক্তিকে পুকুরের মাঝে ডুবে যেতে দেখে দমকল দপ্তরে খবর দেওয়া হয়। তবে জলে ডুবে যাওয়া ব্যক্তির নাম বা পরিচয় জানাতে পারেননি দমকলের কর্মীরা।

****************

**Election-3rd Phase:**

লোকসভা নির্বাচনের পরবর্তী দফায় ভোটারদের আকৃষ্ট করতে বিভিন্ন রাজনৈতিক দল প্রচার চালিয়ে যাচ্ছে। তৃতীয় দফার ভোট আগামী ৭ই মে অনুষ্ঠিত হবে। দশটি রাজ্য ও দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৫টি লোকসভা আসনে তৃতীয় দফার ভোট অনুষ্ঠিত হবে। মোট ১,৩৫১ জন প্রার্থী তৃতীয় দফায় প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। প্রধানমন্ত্রী তথা বর্ষিয়ান বিজেপি নেতা নরেন্দ্র

মোদী আজ কর্নাটকের বেলগাভিতে এক জনসভায় বলেন, গত ১০ বছরে কেন্দ্রীয় সরকার ক্ষুদ্র কৃষকদের সাহায্য করেছে। ১০ কোটিরও বেশি মহিলা স্বসহায়ক দল আর্থিক সাহায্যে উপকৃত হয়েছে। জ্বালানির তেলের সাথে ইথানল মেশানোর ফলে কৃষকরা সত্তর হাজার কোটি টাকা আয় করেছে। প্রধানমন্ত্রী বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি আরো উন্নতির জন্য সরকার ভারতীয় ন্যায় সংহিতা আইন পাস করেছে।

বর্ষীয়ান বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কাশগঞ্জ জেলায় এক জনসভায় বিরোধীদের আক্রমণ করে বলেন বিরোধীরা অযোধ্যার প্রাণ প্রতিষ্ঠা অনুষ্ঠানে অংশ নেন নি। তিনি বলেন ইস্তেহার প্রদত্ত সমস্ত প্রতিশ্রুতি বিজেপি পূরণ করেছে।

****************

**Congress:**

বর্ষীয়ান কংগ্রেস নেতা অভিষেক মনু সিংভি অভিযোগ করেন শাসক বিজেপি দল গণতন্ত্রের অবমূল্যায়ন করেছে। আজ আহমেদাবাদে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন সম্প্রতি সুরাট লোকসভা আসনে বিজেপির জয় গণতান্ত্রিক নীতিমালার লঙ্ঘন। তিনি অভিযোগ করেন বিজেপি অর্থ, মেশিনারি ও লোক বলের অপব্যবহার করেছে। শ্রী সিংভি বলেন, চলতি নির্বাচনে বিজেপির ৪১৭ জন প্রার্থীর এক চতুর্থাংশ সাম্প্রতিক সময়ে অন্য দল থেকে ভেঙে আসা। আগামীকাল প্রাক্তন কংগ্রেস সভাপতি রাহুল গান্ধীর এই রাজ্যে প্রচারের কর্মসূচি রয়েছে।

****************

**Minarel Sumit:**

খনি মন্ত্রকের উদ্যোগে আগামীকাল থেকে নতুনদিল্লীতে দু'দিনের জরুরী খনিজ সামিট অনুষ্ঠিত হবে। মন্ত্রক জানিয়েছেন, ভারতের দ্রুত অর্থনৈতিক উন্নয়ন এবং উচ্চাকাঙ্খী পরিচ্ছন্ন শক্তির প্রেক্ষাপটে এই সামিট অনুষ্ঠিত হবে। এই সামিটে ভারত এবং আন্তর্জাতিক স্তরের অংশীদার সহ শিল্পপতি,

স্টার্টআপস, সরকারী আধিকারিক, বিজ্ঞানী, শিক্ষাবিদ এবং নীতি বিশেষজ্ঞদের মধ্যে মতবিনিময় হবে।

****************

**Re-Poll Manipur:**

ভারতের নির্বাচন কমিশন আওটার মনিপুর লোকসভা আসনের ছয়টি বুথে আগামী ৩০শে এপ্রিল পুননির্বাচনের আদেশ দিয়েছে। ভোট হবে সকাল সাতটা থেকে বিকেল চারটা পর্যন্ত। দ্বিতীয় দফায় গত ২৬ এপ্রিল এই ছয়টি বুথে অনুষ্ঠিত ভোট বাতিল করা হয়েছে। এরমধ্যে পাঁচটি বুথ উখরুল জেলা এবং একটি বুথ সেনাপতি জেলায়।

****************

**Rabindra Porishod:**

১৬৩ তম রবীন্দ্র জন্ম জয়ন্তী উপলক্ষে আজ সুকান্ত একাডেমীর প্রেক্ষাগৃহে ত্রিপুরা রবীন্দ্র পরিষদের ৩৬ তম সাহিত্য মেলা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রসিক রঞ্জন দেব ও সুনীলা দেবী স্মৃতি পুরস্কার ২০২৪ প্রদান করা হয়। রসিক রঞ্জন দেব পুরষ্কার দেওয়া হয় সাংস্কৃতিক ব্যক্তিত্ব পথিকা দেববর্মন এবং সমাজ সেবার জন্য সুনীলা দেবী স্মৃতি পুরস্কার দেওয়া হয় সান্ধ্য নীড় সংস্থার সম্পাদক গৌতম রায় বর্মনকে। অনুষ্ঠানের উদ্বোধন করেন সাহিত্যিক ড: পার্থজিৎ গঙ্গোপাধ্যায়। পৌরিহিত্য করেন প্রনতী মোদক।

****************

**Bhagalpur Mela:**

বামুটিয়া ব্লকের অন্তর্গত ভাগলপুরে আজ থেকে শুরু হয়েছে তিনদিনের ঐতিহ্যবাহী দরগার মেলা। মেলা কমিটির সভাপতি সুভাষ সরকার জানিয়েছেন, ৪৫ বছর ধরে এই মেলা চলছে। তিনি জানান, মেলায় জনসমাগম হওয়ায় শান্তি বজায় রাখতে পুলিশ প্রশাসন সহযোগিতা করছে।

****************

**Weather:**

আগামীকাল পর্যন্ত রাজ্যে তাপপ্রবাহ এবং বাতাসে আদ্রতার পরিমান বৃদ্ধি অব্যাহত থাকবে। আগামী ২ এবং ৩রা মে সারা রাজ্যে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুই এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৮ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৭ দশমিক ৬ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৮ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি, ধলাই এবং খোয়াই জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় 40 থেকে 50 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

****************

**Nockout Cricket:**

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় স্ফুলিঙ্গ ক্লাব ও সংহতি ক্লাব সেমিফাইনালে উঠেছে। আজ আসরের দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় স্ফুলিঙ্গ ক্লাব ৩ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে সংহতি ক্লাব ২ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

****************

**Death of Hari Sharma:**

রাজ্যের প্রবীন ফুটবল রেফারি হরি শর্মা আজ দুপুরে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। অকৃতদার এই রেফারির মৃত্যুকালে বয়স হয়েছিল ৬০ বছর। বেশ কিছুদিন ধরেই নানা শারীরিক জটিল সমস্যায় তিনি ভুগছিলেন। তাঁর মৃত্যুতে ত্রিপুরা রেফারিজ অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে শোক ব্যক্ত করা হয়।

****************

**Senior Cricket -Santirbazar:**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির অষ্টম ম্যাচে গ্রীণআর্থ সোসাইটিকে ২ উইকেটে হারালো চুংকু থাঙ্গা। আজ বাইখোড়া স্কুল মাঠে প্রথমে ব্যাট করতে নেমে গ্রীণআর্থ সোসাইটি

৩১ ওভারে ১২৩ রানে সবাই আউট হয়ে যায়। জবাবে খেলতে নেমে বিজয়ী দল ২৭.৩ ওভারে ৮ উইকেটে ১২৮ রান করে জয়লাভ করে।

****************

****************